FEB. 1 3 2001

তারিখ ...
পৃষ্ঠা [illegible]

শিক্ষা সম্মেলন স্মারক গ্রন্থের প্রকাশনা উৎসবে

# শিক্ষাকে সর্বজনীন করতে হলে ব্যাপক শিক্ষা আন্দোলন প্রয়োজন

কাগজ প্রতিবেদক : বিশিষ্ট বিজ্ঞানী ও শিক্ষাবিদ অধ্যাপক ড. সুশীল কুমার মুখার্জী বলেছেন, শিক্ষাকে বাঁচাতে হলে, শিক্ষাকে সর্বজনীন করতে হলে ভারতের মতো বাংলাদেশেও ব্যাপক শিক্ষা আন্দোলন প্রয়োজন। তিনি বলেন, ভারতে শিক্ষা নিয়ে শাসকগোষ্ঠী ব্যবসা করতে চাইছে। শিক্ষার মধ্যে সাম্প্রদায়িকতার বিষবাষ্প ঢেলে দিতে চাইছে। সেখানে [illegible] সর্বজনীন শিক্ষার দাবি হচ্ছে উপেক্ষিত। ফলে ভারতে মুক্তিকামী জনতা শিক্ষা বাঁচানোর আন্দোলনে নেমেছে। শাসকগোষ্ঠীর বিরুদ্ধে আন্দোলন করে তারা সফল হয়েছে।

গত শনিবার সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট
আয়োজিত 'শিক্ষা সম্মেলন স্মারক গ্রন্থ'
প্রকাশনা উৎসবে অধ্যাপক সুশীল কুমার
মুখার্জী উপরোক্ত কথা বলেন। ঢাক
বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে
সংগঠনের সভাপতি নূরুল ইসলামের
সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রকাশনা উৎসবে
আরো বক্তব্য রাখেন অধ্যাপক সিরাজুল
ইসলাম চৌধুরী, বাসদের কমরেড মুবিনুল
হায়দার চৌধুরী, শিক্ষাবিদ হেনা দাস
সাহিত্যিক বশীর আল হেলাল, অধ্যাপক
আবুল মোমেন এবং মেসবাহ কামাল।

অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধু
বলেন, শিক্ষাকে আজ 'ব্যবসায়িকীকরণ
সাম্প্রদায়িকীকরণ করা হচ্ছে। শাসকগো
উচ্চ শিক্ষাকে শুধু বড়োলোকের সন্তানদে
প্রাপ্য হিসেবেই দাঁড় করাতে চায়। ফ
আন্দোলন ছাড়া সরকারের এ ষড়যন্ত্রে
নীলনকশা রোধ করা সম্ভব নয়।

হেনা দাস বলেন, বর্তমান সরকারে
শামসুল হক কমিশন গঠনের আগেই বি
বিষয়ে সিদ্ধান্ত হয়ে গিয়েছিল। যে
মাদ্রাসার নামে সাম্প্রদায়িক শিক্ষা ব
থাকার বিষয়। তিনি বলেন, দেখে মনে
সাধারণ শিক্ষাই বোধহয় আর থাকবে
হয় মাদ্রাসা হয়ে যাবে অথবা কিন্ডারগা
হয়ে যাবে। তাই প্রয়োজন শি